দৈনিক সংবাদ

তারিখ 09 JAN 1990
পৃষ্ঠা ৭ কলাম ৬

চাকসু নির্বাচন

# বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে ছাত্রনেতাদের আলোচনা শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৮ই জানুয়ারী।-- আসন্ন চাকসু ও হল সংসদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন ছাত্র সংগঠনের সাথে

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## চাকসু

(১ম পাতার পর)

আলোচনা শুরু করেছেন।

আজ বিকেলে উপাচার্য অফিসে ১১টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সাথে উপাচার্য হল প্রাধ্যক্ষ, ডীন ও প্রক্টরের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ছাত্র নেতৃবৃন্দ নিরপেক্ষ ও অবাধ নির্বাচনের লক্ষ্যে ১৩ দফা দাবী পেশ করেন। তারা শান্তিপূর্ণ নির্বাচনের ক্ষেত্রে সহযোগিতার আশ্বাস দেন।

বৈঠকে উপাচার্য নিরপেক্ষ, শান্তিপূর্ণ ও অবাধ নির্বাচনের লক্ষ্যে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও উত্থাপিত দাবীগুলো বিবেচনার আশ্বাস দেন।

আজ সকাল ১০টায় ইসলামী ছাত্র শিবিরকে বৈঠকে ডাকা হলেও বেলা ১১টায় শিবির কর্তৃপক্ষকে লিখিতভাবে জানায়, বৈঠকে যোগ দিতে তারা অপারগ। শিবিরের এ আচরণে কর্তৃপক্ষের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়।

ছাত্রদলের একাংশ ১২টি সংগঠন নিয়ে সর্বদলীয় ছাত্র ঐক্য গঠনের বিরোধিতা করেছে। অপরাংশের সাথে আজ কর্তৃপক্ষের বৈঠক হবে বলে জানা গেছে।